

স্মারক নং- ০৫.২০.২২০০.২২২৪.২০১৯-

তারিখ : মাঘ ১৪২৮ বাংলা
জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ১৭ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ আনুমানিক সকাল ১০.০০ টার সময় কক্সবাজার সদর উপজেলাধীন ঈদগাঁও ইউনিয়নের মেহেরঘোনা রেঞ্জের স্টাফগণ মেহেরঘোনা বিটের বনাঞ্চলে টহলকারী সময়ে মাছুয়াখালী মৌজায় চান্দেঘোনা অচিন্তা মুড়া এলাকায় অবৈধভাবে ঘর নির্মাণে বাধা প্রদান করায় বন কর্মকর্তা/কর্মচারীদের উপর বনদস্যুরা সংঘবদ্ধ হয়ে অবৈধ আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্রসহ আক্রমণ করে। এতে বন প্রহরী জনাব শহিদুল ইসলাম (সোহাগ) নামে আহে হয়ে মাটিতে পড়ে গেলে উক্ত বন প্রহরী জনাব শহিদুল ইসলাম (সোহাগ) এর নামে ইস্যুকৃত চাইনিজ রাইফেলটি (রাইফেল নং-১১২৬০৮৯৫) তার হাত থেকে মাটিতে পড়ে গেলে একজন বনদস্যু উক্ত চাইনিজ রাইফেলটি নিয়ে এলোপাতাড়ি গুলি করতে থাকে এবং বনদস্যুরা আগ্নেয়াস্ত্র দিয়ে উপস্থিত বন কর্মকর্তা/কর্মচারীদের হত্যার উদ্দেশ্যে উপর্যুপরি আঘাত ও গুলিবর্ষণ করে থাকে। এ সময় সরকারি সম্পত্তি ও জানমাল রক্ষার্থে বনপ্রহরী জনাব সমীর রুদ্র কর এর নামে ইস্যুকৃত চাইনিজ রাইফেল (রাইফেল নং-১০১৪৪০৭৫) হতে ০৫টি, বন প্রহরী জনাব সবুর আলী এর নামে ইস্যুকৃত চাইনিজ রাইফেল (রাইফেল নং-১০১৩৮৬৯৮) হতে ০২টি এবং বন প্রহরী জনাব আশরাফুল ইসলাম এর নামে ইস্যুকৃত চাইনিজ রাইফেল (রাইফেল নং-১০০৮৫১৮৩) হতে ০২টি মোট-০৯(নয়)টি গুলি বর্ষণের নির্বাহী তদন্ত আগামী ৩১ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সকাল-১১.০০ টার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

নির্বাহী তদন্ত অনুষ্ঠানে গুলি বর্ষণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং প্রত্যক্ষদর্শীদেরকে নির্ধারিত সময় এবং তারিখে উপস্থিত হয়ে স্বাক্ষর/জবানবন্দী প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ-
মিল্টন রায়

উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার
মোবাইল- ০১৭৩৩৩৭৩২০১

e-mail: unocoxsbazar@mopa.gov.bd

স্মারক নং- ০৫.২০.২২০০.২২২৪.২০১৯-৮৮

তারিখ : ০২ মাঘ ১৪২৮ বাংলা
২৭ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার
- ২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার
- ৩। পুলিশ সুপার, কক্সবাজার
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার উত্তর বন বিভাগ, কক্সবাজার (গুলি বর্ষনে সংশ্লিষ্টদের নির্বাহী তদন্ত অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। মেয়র, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার (বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)
- ৬। সহকারী কমিশনার (ভূমি), কক্সবাজার সদর, কক্সবাজার (বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)
- ৭। চেয়ারম্যান, ঈদগাঁও/জালালাবাদ ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার (বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)
- ৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ঈদগাঁও ইউনিয়ন ভূমি অফিস, কক্সবাজার (বিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধ সহ)
- ৯। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডকরণের জন্য)
- ১০। নোটিশ বোর্ড/অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার

২৩/০১/২২